

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসার কার্যালয়  
বানারীপাড়া, বরিশাল।



স্মারক নং-০৫.১০.০৬১০.৮৪৯.৯৯.০০১.২৩-১৬

তারিখঃ ২২ মাঘ ১৪২৯  
০৫ ফেব্রুয়ারী ২০২৩


নিয়োগবিজ্ঞপ্তি

বরিশাল জেলাধীন বানারীপাড়া উপজেলার নিম্নলিখিত ইউনিয়নে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে সরকার কর্তৃক নির্ধারিত বেতন স্কেলে মহল্লাদার নিয়োগের জন্য সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নলিখিত শর্তসমূহ পালন সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	ইউনিয়নের নাম	ওয়ার্ড নং	পদের সংখ্যা	বেতনক্রম
০১	বানারীপাড়া	০১	০১ টি	সরকারি বিধি মোতাবক

শর্তাবলীঃ

- ১। আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে এবং সংশ্লিষ্ট ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাদের অগ্রাধিকার দেয়া হবে।
- ২। ২৪/০২/২০২৩ খ্রিঃ তারিখ প্রার্থীর বয়স ১৮-৩০ বছর হতে হবে। মুক্তিযোদ্ধাদের সন্তানদের ক্ষেত্রে বয়স ৩২ বছর শিথিলযোগ্য। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবেনা।
- ৩। প্রার্থীকে কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণি উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
- ৪। পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে উচ্চতা-সর্বনিম্ন ৫ফুট ২ ইঞ্চি, বৃকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক); ৩২ ইঞ্চি (সম্প্রসারণ) সর্বনিম্ন ওজন ৫০ কেজি হতে হবে এবং মহিলা প্রার্থীদের ক্ষেত্রে উচ্চতা সর্বনিম্ন ৫ফুট, বৃকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক); ৩০ ইঞ্চি (সম্প্রসারণ), সর্বনিম্ন ওজন ৪৫ কেজি হতে হবে।
- ৫। দরখাস্তে আবেদনকারীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, জন্ম তারিখ, বয়স, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখ পূর্বক আগামী ১৫/০২/২০২৩ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে ৯"X৫" সাইজের সীলগালাকৃত যুক্ত খামে উপজেলা নির্বাহী অফিসার, বানারীপাড়া, বরিশাল এর বরাবর সরাসরি অথবা ডাকযোগে দরখাস্ত প্রেরণ করতে হবে।
- ৬। মৃত অথবা অবসরপ্রাপ্ত মহল্লাদারদের পুত্র, কন্যা বা প্রত্যেক পোষ্যদের অগ্রাধিকার দেয়া হবে।
- ৭। আবেদনের সাথে সদ্য তোলা ২কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি, জাতীয় পরিচয়পত্র, জন্ম সনদপত্রের ফটোকপি, নাগরিকত্ব সনদ এবং শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের কপি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে আবেদনের সাথে জমা দিতে হবে।
- ৮। মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূলকপি সঙ্গে আনতে হবে।
- ৯। খামের উপরে যে ইউনিয়নের যে ওয়ার্ডের আবেদন দাখিল করা হবে সে ইউনিয়ন ও ওয়ার্ডের নাম মোটা অক্ষরে লিখতে হবে।
- ১০। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ১১। নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক নির্ধারিত সকল কোটা এবং বিধি অনুসরণ করা হবে।
- ১২। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

 ০৫.০২.২৩

(ফাতিমা আজরিন তস্বী)

উপজেলা নির্বাহী অফিসার

ফোনঃ ০২৪৭৮৮৭০৯৭৩

Email:unobanaripara@mopa.gov.bd